

কলেজ কর্তৃপক্ষের প্রতারণার প্রতিবাদ ও মাইগ্রেশনের দাবিতে সড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ করেছেন রংপুরের নর্দান (প্রা.) মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা। গতকাল সোমবার দুপুর ১২টা থেকে দেড়টা পর্যন্ত রংপুর-বুড়িরহাট সড়কে অবস্থান নিয়ে তাঁরা এই বিক্ষোভ করেছেন। এই সময় সড়কে যান চলাচল বন্ধ গেলে ভোগান্তিতে পড়ে সাধারণ মানুষ। শিক্ষার্থীদের অভিযোগ, বিএমডিসির অনুমোদন না থাকা সত্ত্বেও বেসরকারি এই শিক্ষাপ্রতিষ্ঠান এত দিন অবৈধভাবে শিক্ষার্থী ভর্তি করিয়ে আসছিল। ওদিকে পাস করার পরও ইন্টার্নশিপ, রেজিস্ট্রেশনসহ অন্য প্রতিষ্ঠানে মাইগ্রেশনের দাবিতে আন্দোলন করে আসছেন শিক্ষার্থীরা। শিক্ষার্থীরা জানান, এই প্রতিষ্ঠানে শিক্ষক নেই। বিএমডিসি ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোনো অনুমোদনও নেই। তার পরও নেপাল থেকে আসা ৩২ জনসহ তিন শতাধিক শিক্ষার্থী এখানে লেখাপড়া করে আসছেন। কর্তৃপক্ষ বারবার আশ্বাস দেওয়ার পরও কোর্স পরিচালনায় অনুমোদন আনতে পারেনি।

মন্তব্য

---